



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং: সিশিবো/পনি/জে এস সি-১৪৩/২০১৭/২২৩

তারিখ : ০২/১০/২০১৭

বিষয় : শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), চারু ও কারুকলা (১৪৮) এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) বিষয়ের ৩ পরীক্ষা গ্রহণ নম্বর প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী জে এস সি পরীক্ষার্থী (যাদের রেজিস্ট্রেশন নম্বর ১৭ দিয়ে শুরু) তাদের শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), চারু ও কারুকলা (১৪৮) এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) এই ০৩ (তিন) বিষয়ের পরীক্ষা সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে না। এক্ষেত্রে করণীয় নিম্নরূপঃ

০১। প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিজ নিজ প্রতিষ্ঠানের শুধুমাত্র ২০১৭ সালের জে এস সি রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের বর্ণিত ০৩(তিন)টি বিষয়ের পরীক্ষা নিজ নিজ প্রতিষ্ঠানে গ্রহণ পূর্বক উত্তরপত্র মূল্যায়ন শেষে প্রাপ্ত নম্বর সংরক্ষণের ব্যবস্থা করবেন।

০২। শিক্ষা বোর্ড হতে রেজিস্ট্রেশন ও প্রবেশপত্র পাওয়ার পর শুধুমাত্র ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের রোল ও রেজিস্ট্রেশনের বিপরীতে বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বর বসিয়ে ০৩ (তিন) সেট নম্বর ফর্দ তৈরী করে ০২ (দুই) সেট সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট জমা দিয়ে প্রাপ্ত স্বীকারপত্র গ্রহণ করবেন এবং ০১ (এক) সেট নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।


০৩। কেন্দ্র সচিবগণ কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে বর্ণিত ০৩টি বিষয়ের প্রাপ্ত নম্বর SSC practical marks posting এর অনুরূপ আগামী ১৯/১১/২০১৭ থেকে ২৩/১১/২০১৭তারিখের মধ্যে online এ প্রেরণ নিশ্চিত করতে হবে (website link, user name & password যথা সময়ে কেন্দ্রের email এ জানানো হবে)। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান থেকে পাওয়া নম্বরফর্দের ০১ (এক) এবং online এ Entry করার পর প্রাপ্ত হার্ড কপি ০১ (এক) সেট কেন্দ্রের মালামাল জমাদানের সময় শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করবেন এবং ০১ (এক) সেট করে নম্বরফর্দ ও হার্ড কপি কেন্দ্রে সংরক্ষণ করবেন।

০৪। উল্লেখ্য, অনিয়মিত (২০১৬ সালের সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থীদের বর্ণিত ০৩(তিন)টি বিষয়ের পরীক্ষা গত বছরের ন্যায় সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রেই যথা নিয়মে অনুষ্ঠিত হবে।

০৫। ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে বর্ণিত ০৩ টি বিষয়ের নাম ও কোড নম্বর যথারীতি উল্লেখ থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

বিষয়টি অতীব জরুরি।



(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

(০৮২১) ৮৪০০৮৫ (অফিস)

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান

অনুলিপিঃ

০১। কেন্দ্র সচিব, জে এস সি পরীক্ষা ২০১৭, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র।

২। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

৪। সংরক্ষণ নথি।